ফ্লাই এ্যাশ (ছাই) মুক্ত
রয়েল সিমেন্ট
ফাটল ও নোনা রোধী
যোগাযোগ : কবির মঞ্জিল, শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম। ০১৭০৮-১৩৪৭৯৮

দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতাঃ আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

A গ্রেড ক্লিংকার
শুধুমাত্র কনফিডেন্স সিমেন্টই ব্যবহার করছে
কনফিডেন্সসিমেন্ট | আস্থা রাখুন
01755-550035, 01755-550036

রোববার | ২৮ নভেম্বর ২০২১ | www.edainikazadi.net রেজিঃ নং-চ-৫৪ | ৬২তম বর্ষ ৮৪ সংখ্যা | ১৩ অগ্রহায়ণ ১৪২৮ সাল | ২২ রবিউস সানি ১৪৪৩ হিজরি | ৮ পৃষ্ঠা | ৬ টাকা

# প্রিমিয়ার ভার্সিটির গণিত বিভাগে স্নাতক গণিত অলিম্পিয়াড

বাংলাদেশ গণিত সমিতি ও এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের আয়োজনে গত ২৬ নভেম্বর অনলাইনে অনুষ্ঠিত হল বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলের স্নাতক গণিত অলিম্পিয়াড। বৃহত্তর চট্টগ্রামের ৯ জেলার ১৯টি বিশ্ববিদ্যালয় ও কলেজের স্নাতক পর্যায়ের শিক্ষার্থীরা এই অলিম্পিয়াডে অংশগ্রহণ করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত গণিত বিভাগে অনুষ্ঠিতব্য অলিম্পিয়াডের চূড়ান্ত পর্বে অংশগ্রহণের জন্য প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে অনুষ্ঠিত চট্টগ্রামের আঞ্চলিক পর্ব থেকে শ্রেষ্ঠ ১০ প্রতিযোগী নির্বাচন করা হয়। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নাজমিন আক্তার প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করে। এছাড়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের যৌথভাবে ২য় স্থান সহ ২ জন, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যৌথভাবে ২য় স্থান সহ ২ জন, প্রিমিয়ার ইউনিভার্সিটির ৩ জন, সাদার্ন ইউনিভার্সিটির ১ জন এবং ইডিইউর ১ জন শিক্ষার্থী অলিম্পিয়াডের চূড়ান্ত পর্বে অংশগ্রহণের জন্য চট্টগ্রামের আঞ্চলিক পর্ব থেকে শ্রেষ্ঠ ১০ প্রতিযোগী হিসেবে নির্বাচিত হয়।



প্রিমিয়ার ইউনিভার্সিটিতে গণিত অলিম্পিয়াড

প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য ড. অনুপম সেন স্নাতক গণিত অলিম্পিয়াডের আঞ্চলিক পর্ব সুষ্ঠুভাবে সম্পন্ন করায় ইউনিভার্সিটির গণিত বিভাগকে ধন্যবাদ জানান এবং বিজয়ী শিক্ষার্থীদের অভিনন্দন জানান। শ্রেষ্ঠ ১০প্রতিযোগীর মধ্যে ৫ জনই নারী শিক্ষার্থী হওয়ায় উচ্ছ্বাস প্রকাশ করেন স্নাতক গণিত অলিম্পিয়াড জাতীয় কমিটির সদস্য সচিব ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) প্রফেসর ড. মনিরুল আলম সরকার। প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক বিজয়ী শিক্ষার্থীদের অভিনন্দন জানান। দিনব্যাপী অনুষ্ঠিত অলিম্পিয়াডের সার্বিক কার্যক্রম পরিদর্শন করেন বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, চবি গণিত বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মো. আমান উল্লাহ, চুয়েট গণিত বিভাগের প্রধান প্রফেসর ড. উজ্জল কুমার দেব। প্রিমিয়ার ভার্সিটির রেজিষ্ট্রার খুরশিদুর রহমান এবং আইটি বিভাগের কর্মকর্তারা অনলাইন আয়োজনের বিষয়ে সার্বিক সহযোগিতা করেন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 28 November 2021, Page: 3, Col: 4
https://www.edainikazadi.net/index.php?page=1&date=2021-11-28

চট্টগ্রাম রবিবার ২৮ নভেম্বর ২০২১

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক পত্রিকা

রেজিঃ নম্বর-চ-৮৯।। ৩৬তম বর্ষ ২৭৭তম সংখ্যা।। ১৩ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ।। ২২ রবিউস সানি ১৪৪৩ হিজরি।। Sunday 28 November 2021।। ৮ পৃষ্ঠার মূল্য ৬ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone







*প্রিমিয়ার ইউনিভার্সিটি*

# গণিত বিভাগে স্নাতক গণিত অলিম্পিয়াড অনুষ্ঠিত

বাংলাদেশ গণিত সমিতি ও এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের আয়োজনে গত শুক্রবার অনলাইনে অনুষ্ঠিত হল বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলের স্নাতক গণিত অলিম্পিয়াড।

বৃহত্তর চট্টগ্রামের ৯ জেলার ১৯টি বিশ্ববিদ্যালয় ও কলেজের স্নাতক পর্যায়ের শিক্ষার্থীরা এই অলিম্পিয়াডে অংশগ্রহণ করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত গণিত বিভাগে অনুষ্ঠিতব্য অলিম্পিয়াডের চূড়ান্ত পর্বে অংশগ্রহণের জন্য প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে অনুষ্ঠিত চট্টগ্রামের আঞ্চলিক পর্ব থেকে শ্রেষ্ঠ ১০ প্রতিযোগী নির্বাচন করা হয়। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নাজমিন আক্তার উক্ত প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করে। এ ছাড়া, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের যৌথভাবে ২য় স্থান সহ ২ জন, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যৌথভাবে ২য় স্থান সহ ২ জন, প্রিমিয়ার ইউনিভার্সিটির ৩ জন, সাদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ-এর ১ জন এবং ইস্ট ডেল্টা বিশ্ববিদ্যালয়ের ১ জন শিক্ষার্থী অলিম্পিয়াডের চূড়ান্ত পর্বে অংশগ্রহণের জন্য চট্টগ্রামের আঞ্চলিক পর্ব থেকে শ্রেষ্ঠ ১০ প্রতিযোগী হিসেবে নির্বাচিত হয়। উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন স্নাতক গণিত অলিম্পিয়াডের আঞ্চলিক পর্ব সুষ্ঠুভাবে সম্পন্ন করায় প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগকে আন্তরিক ধন্যবাদ জানান এবং বিজয়ী শিক্ষার্থীদের অভিনন্দন জানান।-বিজ্ঞপ্তি



*প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগে স্নাতক গণিত অলিম্পিয়াড*

Ref: Daily Purbokone, Date: 28 November 2021, Page: 3, Col: 5

https://www.edainikpurbokone.net/index.php?page=1&date=2021-11-28

রবিবার

চট্টগ্রাম

২৮ নভেম্বর ২০২১

১৩ অগ্রহায়ণ ১৪২৮

২২ রবিউস সানি ১৪৪৩

বর্ষ-৯, সংখ্যা-৩৩৬

দৈনিক পূর্বদেশ

Dainik Purbodesh




দেশে করোনা সংক্রমণ উদ্বেগজনক।

বাঁচতে হলে মাস্ক পরিধান করুন।


| শুভ সকাল | দশ কথার এক কথা | প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ | চট্টগ্রামে শনাক্ত / মৃত্যু | শেষ পাতায় |
|---|---|---|---|---|
| এসএমএস পাওয়া চালকদের ড্রাইভিং লাইসেন্স পাওয়া শুরু | আওয়ামী লীগের 'দালালি' ছাড়তে চাই : জাপা মহাসচিব | www.dailypurbodesh.com<br>৮ পৃষ্ঠা \| ৬ টাকা | ১,০২,৩৭৮ / ১,৩৩১ | মন্ত্রীর কাছে হারানো চাকরি ভিক্ষা চাইলেন ভিক্ষুকেরা |


# প্রিমিয়ার ইউনিভার্সিটিতে গণিত অলিম্পিয়াড

বাংলাদেশ গণিত সমিতি ও এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের আয়োজনে ২৬ নভেম্বর অনলাইনে অনুষ্ঠিত হয় বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলের স্নাতক গণিত অলিম্পিয়াড। ৯ জেলার ১৯টি বিশ্ববিদ্যালয় ও কলেজের স্নাতক পর্যায়ের শিক্ষার্থীরা এই অলিম্পিয়াডে অংশগ্রহণ করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত গণিত বিভাগে অনুষ্ঠিতব্য অলিম্পিয়াডের চূড়ান্ত পর্বে অংশগ্রহণের জন্য চট্টগ্রামের আঞ্চলিক পর্ব থেকে শ্রেষ্ঠ ১০ প্রতিযোগী নির্বাচন করা হয়। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নাজমিন আক্তার প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করে। এছাড়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের যৌথভাবে ২য় স্থান সহ ২ জন, চুয়েটের যৌথভাবে ২য় স্থান সহ ২ জন, প্রিমিয়ার ইউনিভার্সিটির ৩ জন, সাদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশ-এর ১ জন এবং ইস্ট ডেল্টা বিশ্ববিদ্যালয়ের ১ জন শিক্ষার্থী নির্বাচিত হয়। প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বিজয়ী শিক্ষার্থীদের অভিনন্দন জানান। দিনব্যাপী অনুষ্ঠিত অলিম্পিয়াডের সার্বিক কার্যক্রম পরিদর্শন করেন প্রফেসর ড. তৌফিক সাঈদ, প্রফেসর ড. মো. আমান উল্লা, প্রফেসর ড. উজ্জ্বল কুমার দেব। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 26 November 2021, Page: 2, Col: 3

https://epurbodesh.com/index.php?date=28-11-2021&page=2

চট্টগ্রাম • রোববার • ২৮ নভেম্বর ২০২১ • ১৩ অগ্রহায়ণ ১৪২৮ • ২২ রবিউস সানি ১৪৪৩ | ৪ পৃষ্ঠা • মূল্য ৩ টাকা | চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ১৮ সংখ্যা ১০২

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

### প্রিমিয়ার ইউনিভার্সিটি

## স্নাতক গণিত অলিম্পিয়াড

বাংলাদেশ গণিত সমিতি ও এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে প্রিমিয়ার ইউনিভার্সিটি গণিত বিভাগের আয়োজনে ২৬ নভেম্বর অনলাইনে অনুষ্ঠিত হল বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলের স্নাতক গণিত অলিম্পিয়াড।

বৃহত্তর চট্টগ্রামের ৯ জেলার ১৯ টি বিশ্ববিদ্যালয় ও কলেজের স্নাতক পর্যায়ের শিক্ষার্থীরা এই অলিম্পিয়াডে অংশগ্রহণ করে। চট্টগ্রামের আঞ্চলিক পর্ব থেকে শ্রেষ্ঠ ১০ প্রতিযোগী নির্বাচন করা হয়।

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী নাজমিন আক্তার প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করে।

এ ছাড়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের যৌথভাবে ২য় স্থানসহ ২ জন, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের যৌথভাবে ২য় স্থানসহ ২ জন, প্রিমিয়ার ইউনিভার্সিটির ৩ জন, সাদার্ন ইউনিভার্সিটি বাংলাদেশের ১ জন এবং ইস্ট ডেল্টা বিশ্ববিদ্যালয়ের ১ জন শিক্ষার্থী অলিম্পিয়াডের চূড়ান্ত পর্বে অংশগ্রহণের জন্য চট্টগ্রামের আঞ্চলিক পর্ব থেকে শ্রেষ্ঠ ১০ প্রতিযোগী হিসেবে নির্বাচিত হয়। সার্বিক কার্যক্রম পরিদর্শন করেন প্রিমিয়ার ইউনিভার্সিটি বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, চবি গণিত বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. মো. আমান উল্লা, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের প্রধান প্রফেসর ড. উজ্জ্বল কুমার দেব।

প্রিমিয়ার ইউনিভার্সিটির রেজিস্ট্রার খুরশিদুর রহমান এবং আইটি বিভাগের কর্মকর্তারা অনলাইন আয়োজনের বিষয়ে সার্বিক সহযোগিতা করেন। প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন বিজয়ী শিক্ষার্থীদের অভিনন্দন জানান।

শ্রেষ্ঠ ১০ প্রতিযোগীর মধ্যে ৫ জনই নারী শিক্ষার্থী হওয়ায় উচ্ছ্বাস প্রকাশ করেন স্নাতক গণিত অলিম্পিয়াড জাতীয় কমিটির সদস্য সচিব ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)র প্রফেসর ড. মনিরুল আলম সরকার। প্রিমিয়ার ইউনিভার্সিটির ট্রেজারার প্রফেসর এ কে এম তফজল হক বিজয়ী শিক্ষার্থীদের অভিনন্দন জানান। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 28 November 2021, Page: 2, Col: 5
https://esuprobhat.com/index.php?page=1&date=2021-11-28